

যে সকল হারামকে মানুষ তুচ্ছ মনে করে থাকে

বিভাগ/অধ্যায়ঃ ৩৩. দালালী করা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

দালালী করা

এমন অনেক লোক আছে যাদের পণ্য কেনার মোটেও ইচ্ছা নেই। কিন্তু অন্য লোকে যাতে ঐ পণ্য বেশি দামে কিনতে উদ্বুদ্ধ হয় সেজন্য পণ্যের পাশে ঘুরাঘুরি করে ও বাড়িয়ে বাড়িয়ে দাম বলতে থাকে। এটাই প্রতারণামূলক দালালী।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«لاَ تَنَاجَشُوا»

"ক্রেতার ভান করে তোমরা পণ্যের দাম বাড়িয়ে দিও না"।[1]

এটা নিঃসন্দেহে এক শ্রেণির প্রতারণা। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আরও বলেন,

«الْمَكْرُ وَالْخَدِيعَةُ فِي النَّارِ»

'চালবাজী ও ধোঁকাবাজী জাহান্নামে নিয়ে যায়"।[2]

পশু বিক্রয়, নিলামে বিক্রয় ও গাড়ী প্রদর্শনীতে অনেক দালালকে দেখতে পাওয়া যায় যাদের আয়-রোয়গার সবই হারাম। কেননা এ উপার্জনের সাথে নানা রকম অবৈধ উপায় জড়িয়ে আছে। যেমন, প্রতারণামূলক দাম বৃদ্ধি বা মিথ্যা দালালী, ক্রেতার সাথে প্রতারণা, বিক্রেতাকে ধোঁকায় ফেলে পথিমধ্যেই তার পণ্য অপেক্ষাকৃত কম মূল্যে খরিদ করা ইত্যাদি।আর যদি পণ্যটি তার বা তাদের কারও হয়, তখন ঠিক উল্টোটি তারা করে থাকে, বিক্রেতারা একে অপরের জন্য দালাল সাজে কিংবা দালাল নিয়োগ করে। তার ক্রেতার বেশে খরিদ্দারদের মধ্যে ঢুকে পড়ে এবং পণ্যের দাম ক্রমাগত বাড়িয়ে দেয়। এভাবে তারা আল্লাহর বান্দাদেরকে ধোঁকা দেয় ও তাদেরকে কষ্টের মধ্যে নিক্ষেপ করে।

ফুটনোট

- [1] সহীহ বুখারী; সহীহ মুসলিম; মিশকাত, হাদীস নং ৫০২৮।
- [2] সিলসিলা সহীহাহ, হাদীস নং ১০৫৭; সহীহুল জামে', হাদীস নং ৬৭২৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10061



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন